

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪  
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দান রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর** রুট (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল** রুট (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নন্দা ও নতুন বাজার স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতালে নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে MRT Line-5: Northern Route এর সঙ্গে আন্ডারলাইন সংযোগ থাকবে। নন্দা ও নতুন বাজার স্টেশনের আন্ডারলাইন সংযোগ ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত Study, Survey, Basic Design, Detailed Design ও নির্মাণ কাজের সকল প্যাকেজের প্রাক-যোগ্যতার দলিল প্রস্তুত সম্পন্ন হয়েছে। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের জন্য নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজার ৯২.৯৭২৫ একর ভূমি অধিগ্রহণের নিমিত্ত এল এ কেইস নম্বর ১০/১৯-২০ এর প্রেক্ষিতে গত ০৭ এপ্রিল ২০২২ তারিখ ভূমি অধিগ্রহণের গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। ক্ষতিপূরণ বাবদ প্রায় ৬৪০ কোটি ৮২ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। শীঘ্রই বাস্তব দখল বুঝে নেয়া হবে। MRT Line-1 এর রিসিভিং সাব স্টেশন-২ নির্মাণের নিমিত্ত ঢাকা জেলার বাছা মৌজায় ০.০৬৮২ একর ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক এলএ কেইস নম্বর-০৩.১৫.১৪/২০২১-২২ রুজু করা হয়। রিসিভিং সাব স্টেশন এবং পাতাল স্টেশনসমূহের প্রবেশ ও বর্হিগমন পথের ভূমি অধিগ্রহণের কার্যক্রম চলমান আছে।

Dhaka Mass Rapid Transit Development Project (Line-1) এর নির্মাণ কাজ তত্ত্বাবধায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ একটি স্বতন্ত্র প্যাকেজের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্ধারিত আছে। প্রকল্পের নির্মাণ কাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত মূল্যায়ন কমিটির আর্থিক প্রতিবেদন এবং খসড়া চুক্তিপত্র সর্বশেষ ২৫ জুলাই ২০২২ তারিখ JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে। প্রকল্পের নির্মাণ কাজ মোট ১২টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। CP-02, CP-09, CP-10, CP-11 এবং CP-12 প্যাকেজসমূহের প্রাক-যোগ্যতার আবেদন শীঘ্রই আহ্বান করা হবে। অবশিষ্ট সকল প্যাকেজের প্রাক-যোগ্যতার (Prequalification) আবেদন আহ্বান করা হয়েছে এবং বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে। বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।